

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ কথোপকথনের বৈধাবৈধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পাপ কাজে সতর্ক করলে অনেকে বলে, 'আল্লাহ ক্ষমাশীল'। তাঁদের এমন আশাবাদীর কথা বলা বৈধ কি?

তাঁদের জন্য এমন আশাবাদীর কথা বলে পাপ নির্বিচল থাকা অবশ্যই বৈধ নয়। যেহেতু তাঁদের জানা দরকার যে, মহান আল্লাহর যেমন মহা ক্ষমাশীল, তেমন তিনি কঠোর শাস্তিদাতা। তিনি বলেন,

"আমরা বান্দাদেরকে বলে দাও, 'নিশ্চয় আমিই চরম ক্ষমাশীল, পরম দয়ালু এবং আমার শাস্তিই হল অতি মর্মস্ভেদ শাস্তি।' (হিজরঃ ৪৯-৫০)

" তোমরা জেনে রাখ, নিশ্চয় আল্লাহ শান্তিদানে কঠোর এবং নিশ্চয়ই আল্লাহ চরম ক্ষমাশীল, পরম দয়ালু।" (মায়িদাহঃ ৯৮)

সুতরাং তার একটা গুণবাচক দিকে ধরে থেকে অন্য দিকটা ভুলে যাওয়া আদৌ উচিৎ নয়। আশার সাথে ভয়ও থাকা উচিৎ। (ইবনে উসাইমিন)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2109

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন